

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩০৩২

আমবাসা, ১২ মার্চ, ২০২৫

**ধলাই জেলায় ক্লাবফুট সনাক্ত শিশুর চিকিৎসার উদ্যোগ**

ধলাই জেলার রইস্যাবাড়ির ব্লকের অন্তর্গত দলপতি পাড়ার বাসিন্দা রতন চাকমার ৪ বছরের কন্যা সন্তানের জন্মের পরেই তার জন্মগত ক্লাবফুট জনিত ত্রুটি দেখা যায়। ধলাই জেলার দলপতি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে সম্প্রতি রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের এক মেগা সনাক্তকরণ শিবিরের আয়োজন করা হয়েছিল। এই শিবিরে রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের মোবাইল হেলথ টিম এই শিশুটিকে সনাক্তকরণ করেন এবং ধলাই ডিস্ট্রিক্ট আর্লি ইন্টারভেনশন সেন্টারে (ডিইআইসি) তাকে রেফার করা হয়। তারা গত ১১ মার্চ প্রাথমিক পরীক্ষা নিরীক্ষা করার জন্য ধলাই ডিস্ট্রিক্ট আর্লি ইন্টারভেনশন সেন্টারে (ডিইআইসি) এসেছিলেন এবং শিশুটির ক্লাবফুটের চিকিৎসার জন্য কাস্টিং প্রক্রিয়া শুরু হয়েছে। পরবর্তী পর্যায়ে শিশুটিকে সম্পূর্ণ বিনামূল্যে ব্রেস জুতা প্রদান করা হবে। এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন ধলাই জেলার রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের মেডিক্যাল অফিসার ডাঃ তবিরাম দেববর্মা, ডিইআইসি এর ফিজিওথেরাপিস্ট লিটন কলই, সালেমা আরবিএসকের ফার্মাসিস্ট প্রীতম দত্ত। ধলাই জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিকের কার্যালয় থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*